

## ফায়ার সার্ভিস বিধিমালা, ১৯৬১

ফায়ার সার্ভিস অধ্যাদেশ ১৯৫৯ এর সেকশন ৪৭ এর ক্ষমতা বলে বিশেষ গেজেট নোটিফিকেশন নং ঝ/ওঢ/ওজ-১৬-১/৬১/৮৪২-  
৫জুলাই ১৯৬১ মাধ্যমে সরকার নিম্নোক্ত বিধিমালা তৈয়ার করতে সম্মত হয়, যেমনঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিধিমালা,  
১৯৬১।

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তনঃ

ক। এ বিধিমালা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিধিমালা, ১৯৬১ নামে অভিহিত হবে।

খ। এ বিধিমালা ১লা জুলাই ১৯৬১ থেকে কার্যকর হবে।

সংজ্ঞাসমূহ (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকলে এ বিধিমালায়-

ক) ‘মহাপরিচালক’ অর্থে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের মহাপরিচালককে বুঝাবে;

খ) ‘ফরম’ বলতে এ বিধিমালার সাথে সংযুক্ত (Appended) ফরমকে বুঝাবে; এবং

গ) ‘অধ্যাদেশ’ বলতে ফায়ার সার্ভিস অধ্যাদেশ, ১৯৫৯ কে বুঝাবে (অধ্যাদেশ ১৯৫৯ এর নং ১৭)।

২। অন্য সব শব্দগুচ্ছ এবং রাশিমালা যা এ বিধিমালায় ব্যবহৃত হয়েছে কিন্তু সংজ্ঞায়িত হয়নি সেগুলো অধ্যাদেশে যে অর্থ প্রকাশ  
করছে সে অর্থেই গণ্য হবে।

৩। ওয়ারহাউজ এবং ওয়ার্কশপ লাইসেন্স মঞ্জুরীর জন্য আবেদন-

(ক) কোন ইমারত বা স্থানকে ওয়ারহাউজ বা ওয়ার্কশপ হিসেবে ব্যবহার করছেন বা ব্যবহার করতে মনস্ত করছেন এমন যে কোন  
ব্যক্তিকে প্রতিষ্ঠানের লাইসেন্সের জন্য ফরম নং-১ এর মাধ্যমে মহাপরিচালকের নিকট আবেদন করতে হবে এবং বিধি ৭ এর অধীনে  
নির্ধারিত ফি জমা দান সাফেয়ে মহাপরিচালক ফরম নং ২ মাধ্যমে লাইসেন্স মঞ্জুর করবেন। অবশ্য লাইসেন্স মঞ্জুরীর জন্য বিধি ৪-  
এর শর্ত পূরণ করতে হবে।

খ) অধ্যাদেশের ৭ ধারা ও ৮(২) ধারা অনুসারে ১ ইঞ্চি সমান ৮ ফুট পরিমাপের ম্যাপ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে যাতে  
থাকবে-

(১) ইমারত বা স্থানের সীমানা;

(২) ওয়ারহাউজ বা ওয়ার্কশপে ব্যবহার করার জন্য প্রস্তাবিত ইঞ্জিন ও চুল্লির অবস্থান; এবং

(৩) গাড়ি বা অন্যান্য যানবাহন বা পরিবহনের মালামাল লোডিং, আনলোডিং এর জন্য সেখানে সংরক্ষিত খালি জায়গা।

(গ) লাইসেন্সের জন্য বা নবায়নের জন্য আবেদন পত্র গ্রহণের পর মহাপরিচালক অধ্যাদেশের ৮(২) ধারা অনুসারে কোন অফিসারকে  
লিখিতভাবে তদন্ত কর্মকর্তা নিযুক্ত করে আবেদনকারীর আবেদন উল্লিখিত উপাত্ত (data) পরীক্ষা করাবেন। এ কর্মকর্তা প্রয়োজনীয়  
রেকর্ড পত্র সম্পর্কে আলোচনা করবেন। আবেদনকারী এই কর্মকর্তার প্রয়োজনীয় চাহিত রেকর্ডপত্র উপস্থাপন করবেন।

(ঘ) ওয়ারহাউজ বা ওয়ার্কশপ হিসেবে ব্যবহারের নিমিত্তে প্রস্তাবিত ইমারত বা স্থান যদি ৪ বিধির শর্ত পূরণ না করে বলে মনে  
করেন তবে মহাপরিচালক লাইসেন্সের আবেদন না মঞ্জুর করবেন এবং আবেদনকারীকে উহার কারণ জানাবেন।

(ঙ) যদি মহাপরিচালক সন্তোষ প্রকাশ করেন যে, ৪ বিধির শর্ত সমূহ পালন করা হয়েছে তিনি লাইসেন্সের বা নবায়নের আবেদন  
মঞ্জুর করবেন এবং আবেদনকারীকে ওয়ারহাউজ বা ওয়ার্কশপ লাইসেন্স ফি ট্রেজারী চালানের মাধ্যমে নির্ধারিত হেডে জমা দিয়ে  
চালানের মূল কপি মহাপরিচালকের নিকট পাঠাতে চাহিদা পত্র দেবেন। আবেদনকারী তদনুসারে চাহিদা পূরণ করবেন। ফায়ার  
সার্ভিস ও সিভিল ডিফেন্সের কোন কর্মচারী ক্যাশ বা চেকের মাধ্যমে ওয়ারহাউজ বা ওয়ার্কশপ লাইসেন্স ফি হিসেবে কোন টাকা  
গ্রহণ করতে পারবেন না।

(চ) যখনই অধ্যাদেশের ৮ ধারা বা ৭ ধারার অধীনে ম্যাপসহ আবেদনের প্রেক্ষিতে লাইসেন্স মঞ্জুর করা হবে, ম্যাপ মহাপরিচালক  
কর্তৃক সীল সহ স্বাক্ষরিত হতে হবে সত্যতা প্রমাণিত ( authenticated) এক কপি ম্যাপ লাইসেন্সধারীকে ফেরত দিতে হবে এবং  
অন্য কপি মহাপরিচালকের রেকর্ডের জন্য সংরক্ষিত থাকবে।

৪। লাইসেন্স ইস্যু করার পূর্বে ইমারত বা স্থান কর্তৃক পালনীয় শর্তসমূহ কোন বিল্ডিং বা স্থানকে ওয়ারহাউজ বা ওয়ার্কশপ হিসেবে  
ব্যবহার করার জন্য লাইসেন্স গ্রহণের পূর্বে লাইসেন্স মঞ্জুরীর জন্য নিম্নোক্ত শর্তসমূহ পালন করতে হবে, যেমনঃ

ক। ওয়ারহাউজ বা ওয়ার্কশপ হিসেবে ব্যবহৃত বা ব্যবহার করার জন্য প্রস্তাবিত ঐ ইমারত বা স্থান যদি ঐ এলাকায় অধ্যাদেশ  
জারীর তারিখে অব্যবহিত পূর্বে এরূপ ব্যবহৃত না হয়ে থাকে, তবে ওয়ারহাউজ বা ওয়ার্কশপের স্থাপনার ব্যাপারে প্রতিবেশীদের  
ঘনবসতি বা অধিবাসীদের বিরক্তির কারণে কোন আপত্তি থাকলে ঐ ইমারত বা স্থান সেখানে অবস্থিত থাকতে পারবে না।

খ) ওয়ারহাউজ বা ওয়ার্কশপ কোন খোলা স্থানে অবস্থিত হলে প্রিমিসেসের প্রাঙ্গণের ( Curtilage) চার দিকে ৬ ফুট খোলা  
জায়গা থাকতে হবে। ওয়ারহাউজ বা ওয়ার্কশপ মহাপরিচালকের পরামর্শমত যথেষ্ট প্রশস্ত কোন রাস্তার পার্শ্বে না থাকলে এবং  
খোলা জায়গায় না থাকলে মহাপরিচালকের পরামর্শ অনুসারে গাড়ি বা পরিবহনের মালামাল উঠানামা করার জন্য নির্ধারিত জায়গা  
রাখতে হবে।

(গ) ওয়্যারহাউজে বা ওয়ার্কশপে ব্যবহৃত বা ব্যবহারের জন্য প্রস্তুত চুল্লীর বা ইঞ্জিনের অবস্থান দাহ্যবস্তু যেখানে মজুদ করা হয় বা রাখার জন্য প্রস্তুত করা হয়েছে সেখান থেকে নিরাপদ দূরত্বে থাকতে হবে।

(ঘ) ওয়্যারহাউজ বা ওয়ার্কশপের কোন অংশ রান্নার কাজে ব্যবহার করা যাবে না বা তদুদ্দেশ্যে সেখানে কোন চুলা রাখা যাবে না।

(ঙ) ব্যবহৃত বা ব্যবহার করার জন্য প্রস্তুত সকল ওয়্যারহাউজ বা ওয়ার্কশপের কোন কমপক্ষে যদি কোন দাহ্যবস্তু বা কেমিক্যাল মজুদ করা বা রাখা বা চাপা বা প্রক্রিয়া করণের জন্য রাখা হয় তবে মহাপরিচালকের পরামর্শমতে যথেষ্ট বাহির পথ এবং যাতায়াতের জায়গা রাখতে হবে।

(চ) ব্যবহৃত বা ব্যবহারের জন্য প্রস্তুত ওয়্যারহাউজ বা ওয়ার্কশপের স্ট্যান্ডার্ড বা মান অনুযায়ী যেখানে যা প্রযোজ্য অগ্নি প্রতিরোধ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

মানের ক্রমিক নং	অগ্নি নির্বাপন ব্যবস্থা ও অন্যান্য বিষয়	মাল গুদাম ও কারখানার বর্ননা
মান-১	মাল গুদাম বা কারখানার দৃশ্যমান স্থানে দুইটি তিনি গ্যালনের বালতি বুলানো থাকবে, যার বাহিরের দিকে লাল রং করা এবং ভিতরের দিকে সাদা রং করা। বাহিরে লাল রং এর উপরে সাদা কালিতে আগুন লেখা থাকবে।	১৫০ বর্গফুট আয়তনের মালগুদাম/কারখানা যেখানে তেল এবং তেল জাতীয় দ্রব্য ছাড়া অন্যান্য দাহ্য পদার্থ মজুদ করা হয়।
মান-২	একটি দৃশ্যমান স্থানে ৬ টি ফায়ার বাকেট এবং ৪০ থেকে ৪৫ গ্যালন ধারণ ক্ষমতা সম্পন্ন একটি ড্রাম যার গায়ের বাহিরের দিকে লাল রং এর উপর সাদা কালিতে “আগুন” শব্দটি লেখা থাকবে। ড্রামটির মুখ মশার বংশবিস্তার রোধে একটি ঢাকনা দিয়ে আটকানো থাকবে।	১০০০ বর্গফুট আয়তনের মালগুদাম/কারখানা যেখানে তেল এবং তেল জাতীয় দ্রব্য ছাড়া ১০০০ মণের নিম্নে দাহ্য পদার্থ মজুদ করা হয়।
মান-৩	মান ২ এর বর্ননা অনুসারে ৫ টি দৃশ্যমান স্থানে ফায়ার পয়েন্ট স্থাপন করতে হবে	৫০০০ বর্গফুট আয়তনের মালগুদাম/কারখানা যেখানে তেল এবং তেল জাতীয় দ্রব্য ছাড়া ৫০০০ মণের নিম্নে দাহ্য পদার্থ মজুদ করা হয়।
মান-৪	ক) ৪ ইঞ্চি ব্যাসের সাকশোন হোজ যার দৈর্ঘ্য কমপক্ষে ৩০ ফুট, ২.৫ ইঞ্চি ব্যাসের ডেলিভারী হোজ যার দৈর্ঘ্য কমপক্ষে ১০০০ ফুট, তিনটি ব্রাঞ্চ পাইপ একটি ডিভাইডিং ব্রিচিং এবং প্রয়োজনীয় সরঞ্জামাদি সহ প্রতি মিনিটে ৩০০ থেকে ৬০০ গ্যালন নিঃসরণ ক্ষমতা সম্পন্ন একটি ভ্রম্যমান ফায়ার ইঞ্জিন পর্যাপ্ত ফায়ারম্যান ও ড্রাইভার সহ মজুদ থাকবে। খ) প্রিমিসেস এর ভিতরে অবস্থিত প্রত্যেক গুদাম হইতে ২০০ গজ এর মধ্যে কমপক্ষে ১০০০০০ ( এক লক্ষ) গ্যালন ধারণ ক্ষমতা সম্পন্ন পানির উৎস থাকতে হবে। গ) আগুনের ক্ষেত্রে প্রতিষ্ঠান কর্তৃক একটি সাধারণ নির্দেশিকা থাকবে। চিফ এক্সিকিউটিভ প্রত্যক্ষ তত্ত্বাবধানে প্রত্যেক মাসে ফায়ার ড্রিল অনুশিলন করা হবে যা চাহিদা মোতাবেক ফায়ার সার্ভিস এর অফিসার কর্তৃক স্বাক্ষরীত হতে হবে।	১০০০০০ বর্গফুট আয়তনের মালগুদাম/কারখানা যেখানে তেল এবং তেল জাতীয় দ্রব্য ছাড়া ১০০০০০ মণের নিম্নে দাহ্য পদার্থ মজুদ করা হয়।
মান-৫	ক) সমগ্র প্রিমিসেস স্বয়ংক্রিয় স্পিংকলার ও শ্রবনযোগ্য সর্তক বার্তা এর আওতায় থাকবে এছাড়া ওয়াল অথবা স্ট্রিট হাইড্রেন্ট স্থাপিত থাকতে হবে। যাতে আগুনে পর্যাপ্ত পানি সরবরাহ এবং বাসিন্দারা সর্তক বার্তা শুনতে পায়। খ) প্রিমিসেস এর ভিতরে অবস্থিত প্রত্যেক গুদাম হইতে ২০০ গজ এর মধ্যে কমপক্ষে ১০০০০০ ( এক লক্ষ) গ্যালন ধারণ ক্ষমতা সম্পন্ন পানির উৎস থাকতে হবে। গ) আগুনের ক্ষেত্রে প্রতিষ্ঠান কর্তৃক একটি সাধারণ নির্দেশিকা থাকবে। চিফ এক্সিকিউটিভ প্রত্যক্ষ	মালগুদাম/কারখানা যেখানে ১০০০০০ (এক লক্ষ) মণের নিম্নে পাট ও পাটজাত/তুলা ও তুলাজাত পণ্য সংরক্ষণ, সংকোচন ও প্রক্রিয়াজাতকরণ করা হয়।

	তত্বাবধনে প্রত্যেক মাসে ফায়ার ড্রিল অনুশিলন করা হবে যা চাহিদা মোতাবেক ফায়ার সার্ভিস এর অফিসার কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।	
মান-৬	২ গ্যালন ওজনের একটি ফায়ার এক্সটিংগুইসার অথবা ৩ গ্যালন বালু ভর্তি একটি বালতি দৃশ্যমান স্থানে ঝুলিয়ে রাখতে হবে।	তেল এবং তেল জাতীয় দ্রব্য সংরক্ষণ ও প্রক্রিয়াজাত করণের ওয়ারহাউজ/ ওয়ার্কশপে ক্ষেত্রে ফায়ার এক্সটিংগুইসার ও বালু ভর্তি বালতি পরিচালকের নির্দেশনা মোতাবেক সংখ্যায় দৃশ্যমান স্থানে ঝুলিয়ে রাখতে হবে।
মান-৭	ইলেকট্রিক সুইচ বোর্ডের নিকটে এক গ্যালন পরিমাপের হস্তচালিত সিটিসি এক্সটিংগুইসার ঝুলিয়ে রাখতে হবে।	ওয়ারহাউজ/ ওয়ার্কশপের ইলেকট্রিক্যাল ইনস্টলেশন এর ক্ষেত্রে এক্সটিংগুইসারের সংখ্যা সুইচ এবং মিটার বোর্ড অথবা জংশন বোর্ড এর সংখ্যা অনুসারে অথবা পরিচালকের নির্দেশনা মোতাবেক সংখ্যায় দৃশ্যমান স্থানে ঝুলিয়ে রাখতে হবে।
মান-৮	বিশেষ সরঞ্জামাদি যেমন-সিওটু এক্সটিংগুইসার, ড্রাইপাউন্ডার এক্সটিংগুইসার ইত্যাদি।	বিপদজনক রাসায়নিক পদার্থ, এসিড অথবা ধাতু যেমন-গ্যালুমিনিয়াম, জিংক, সোডিয়াম, পটাশিয়াম ইত্যাদি এর ক্ষেত্রে এক্সটিংগুইসারের সংখ্যা প্রিমিসেসের আয়তন এবং পরিমাণ অনুসারে নির্ধারিত হবে। পরিচালকের নির্দেশনা মোতাবেক সংখ্যায় দৃশ্যমান স্থানে ঝুলিয়ে রাখতে হবে।

৫। মিউনিসিপ্যাল কমিটি থেকে তথ্য ইত্যাদি সরবরাহ পাওয়ার ব্যাপারে মহাপরিচালকের ক্ষমতাঃ- অধ্যাদেশ বলবতের আওতাভুক্ত মিউনিসিপ্যাল কমিটির যে কোন সদস্য অধ্যাদেশের ১২ ধারা অনুসারে মহাপরিচালকের রিকুইজিশনের প্রেক্ষিতে রিকুইজিশন পাওয়ার ৩০ দিনের মধ্যে তথ্য সরবরাহ করতে বাধ্য থাকবেন।

৬। অধ্যাদেশ যে এলাকায় কার্যকরী নয় সেখানে অগ্নিবিপাকের জন্য ফি প্রদান যোগ্য- অধ্যাদেশ কার্যকরী আছে এমন এলাকার সীমার বাইরে কোন ওয়ারহাউজ বা ওয়ার্কশপের আগুন নিভানোর জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সদস্য পাঠানো হলে ওয়ারহাউজ বা ওয়ার্কশপের মালিক মহাপরিচালকের পক্ষ থেকে চাহিদা প্রদানের তিন মাসের মধ্যে নির্ধারিত হারে ফিস প্রদানের জন্য দায়ী থাকবেন।

ক। A-Fees For Pump and Vehicles.( পাম্প ও গাড়ির জন্য ফিস )

(১) Fire Float (each)-Rs. 30 for each turn out (প্রতি ফায়ার ফ্লোট-প্রতি টার্ন আউটে ৩০ টাকা)

(২) Water unit (each)-Rs. 20 each turn out (ওয়াটার ইউনিট প্রতি টার্ন আউটে ২০ টাকা )

(৩) pump (each ) – Rs.20 each turn out ( প্রতি পাম্প প্রতি টাং আউটে ২০ টাকা )

(৪) Vehicle (each)- Rs. 10 each urn out ( প্রতি গাড়ি প্রতি টার্ন আউটে ১০ টাকা )

(৫) Mileage (each)-50 paisa per mile for each vehicle or Fire Float (মাইলেজ টার্ন প্রতি গাড়ি বা ফায়ার ফ্লোট প্রতি মাইল ৫০ পয়সা )

(৬) Charges for each delivery hose-50 paisa for every five hours or part thereof (প্রতি ডেলিভারী হোজের চার্জ-প্রতি ৫ ঘন্টা বা তার অংশের জন্য ৫০ পয়সা )

(৭) Pumping charge for each big pump-Rs. 3 per hour or part thereof (প্রতি বড় পাম্পের পাম্পিং চার্জ প্রতি ঘন্টা বা তার অংশের জন্য ৩ টাকা )

(৮) Pumping charge for small pump-Rs. 2 per hour or part thereof plus cost of petrol and other lubri cant consumed for the purpose (ছোট পাম্পের পাম্পিং চার্জ প্রতি ঘন্টা বা তার অংশের জন্য ২ টাকা এবং তদুদ্দেশ্যে ব্যবহৃত পেট্রোল ও অন্যান্য লুব্রিক্যান্টের মূল্য।)

(খ) B- Fees for officers and men) অফিসার ও কর্মীদের জন্য ফিসঃ

(১) senior officer (per head) above the rank of station officer-Rs. 5 for every five hours or part thereof (স্টেশন অফিসারের উপরের পদের মাথা পিছু প্রতি ৫ ঘন্টা বা তার অংশের জন্য ৫ টাকা)।

(২) Station officer (per head) Rs. 3 for every five hours or part thereof (স্টেশন অফিসার পর্যন্ত প্রতি ৫ ঘন্টা বা তার অংশের জন্য মাথাপিছু ৩ টাকা)

(৩) Leader or head (per head) Rs. 2 for every five hours or part thereof (লিডার বা হেড মাঝি প্রতি ৫ ঘন্টা বা তার অংশের জন্য মাথাপিছু ২ টাকা)

(৪) Driver (per head) Rs. 3 for every five hours or part thereof (ড্রাইভার প্রতি ৫ ঘন্টা বা তার অংশের জন্য মাথাপিছু ৩ টাকা)।

(৫) Fireman or assistant of any mechanical head (per head)Rs-1.50 paisa for every five hours or part thereof. (ফায়ারম্যান বা সহকারী মাঝি প্রতি ৫ ঘন্টা বা তার অংশের জন্য মাথাপিছু ১.৫০ টাকা)

শর্ত থাকে যে, যদি কোন নির্দিষ্ট বিষয়ে পরিস্থিতি ন্যায্যসঙ্গত মনে করেন, মহাপরিচালক সরকারের পূর্ব অনুমোদন সাপেক্ষে অধ্যাদেশের ২২ ধারার অধীনে যে কোন ফি প্রদান থেকে প্রতিষ্ঠানকে সম্পূর্ণ বা আংশিক রেহাই (exemption) দিতে পারেন।

৭। ওয়্যারহাউজ বা ওয়ার্কশপ লাইসেন্স সম্পর্কিত বার্ষিক মাশুল-

(ক) (A Table) ওয়্যারহাউজ হিসেবে একটা ইমারত বা স্থানের বার্ষিক মূল্যায়ন এর শতকরা হার এবং সর্বোচ্চ (maximum) বার্ষিক মাশুল নির্ধারণ করা হয় এ টেবিলের ২ নং কলামে উল্লেখিত ওয়্যারহাউজের বিভিন্ন শ্রেণীর বিপদজনক প্রদর্শিত যথাক্রমে কলাম ৩ এবং কলাম ৪ অনুসারে।

তবে শর্ত থাকে যে, অধ্যাদেশের ১১(২) ধারায় উল্লেখিত একাধিক দ্রব্যসামগ্রীর মজুদ, চাপন, বা রাখা সম্পর্কিত ওয়্যারহাউজ হিসেবে ব্যবহৃত ভবন স্থাপনার লাইসেন্স ফি নির্ধারণের ক্ষেত্রে মজুদকৃত, চাপনকৃত বা রক্ষিত বিভিন্ন সামগ্রীর প্রকৃতি ও পরিমাণ অনুসারে ওয়্যারহাউজটি যে শ্রেণীতে পড়বে সর্বোচ্চ বার্ষিক ফি ঐ শ্রেণী অনুসারে প্রদেয় হবে।

টেবিল “এ”

ক্রমিক	ওয়ারহাউজের শ্রেণি	বার্ষিক মাসুল নির্ধারণের জন্য ভবন বা স্থানের বার্ষিক মূল্যের শতকরা হার	সর্বোচ্চ মাসুল টাকায়
১	পাট (ক) ১০০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের পাট বা পাটজাত পণ্য মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৫	৫০০
	(খ) ১০০০ মণের উর্ধ্বে কিন্তু ৫০০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের পাট বা পাটজাত পণ্য মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	১০	৪০০০
	(গ) ৫০০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের পাট বা পাটজাত পণ্য মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	১৫	৮০০০
২	তুলা (ক) ৫০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের তুলা বা তুলাজাত পণ্য মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৫	৫০০
	(খ) ৫০০ মণের উর্ধ্বে কিন্তু ১০০০ মণের এমন পরিমাণের তুলা বা তুলাজাত পণ্য মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	১০	৪০০০
	(গ) ১০০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের তুলা বা তুলাজাত পণ্য মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	১৫	৮০০০
	(ঘ) ২০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের সূতি কাপড় মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৪	৮০০
	(ঙ) ২০০ মণের উর্ধ্বে কিন্তু ৫০০ মণের এমন পরিমাণের সূতি কাপড় মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৬	১২০০
	(চ) ৫০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের সূতি কাপড় মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৮	১৬০০
৩	হ্যাম্প (ক) ২০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের হ্যাম্প মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৪	৮০০
	(খ) ২০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের হ্যাম্প মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৬	১২০০
৪	ভার্নিশ (ক) ১০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের ভার্নিশ মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৪	৮০০
	(খ) ১০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের ভার্নিশ মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৬	১২০০
৫	পেইন্ট (ক) ১০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের পেইন্ট মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৪	৮০০
	(খ) ১০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের পেইন্ট মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৬	১২০০
৬	আলকাতরা (ক) ১০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের আলকাতরা মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৪	৮০০
	(খ) ১০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের আলকাতরা মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৬	১২০০

৭	প্রাণীজ চর্বি (ক) ১০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের প্রাণীজ চর্বি মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ (খ) ১০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের প্রাণীজ চর্বি মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৪	৮০০
		৬	১২০০
৮	তিষির তৈল (ক) ১০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের তিষি বা তিষিজাত পণ্য মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ (খ) ১০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের তিষি বা তিষিজাত মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৪	৮০০
		৬	১২০০
৯	কাঠ (ক) ৫০ মণের উর্ধ্বে জ্বালাগি কাঠ মজুদকরণ বা সংরক্ষণ (খ) ২৫০ মণের উর্ধ্বে জ্বালাগি কাঠ ব্যতিত অন্যান্য কাঠ (ভবন বা স্থানে সাধারণ ব্যবহারের জন্য আসবাবপত্র ব্যতিত) মজুদকরণ বা সংরক্ষণ (গ) ২৫০ মণের উর্ধ্বে ১০০০ মন পর্যন্ত জ্বালাগি কাঠ ব্যতিত অন্যান্য কাঠ (ভবন বা স্থানে সাধারণ ব্যবহারের জন্য আসবাবপত্র ব্যতিত) মজুদকরণ বা সংরক্ষণ (ঘ) ১০০০ মণের উর্ধ্বে জ্বালাগি কাঠ ব্যতিত অন্যান্য কাঠ (ভবন বা স্থানে সাধারণ ব্যবহারের জন্য আসবাবপত্র ব্যতিত) মজুদকরণ বা সংরক্ষণ (ঙ) ২৫০ মণের উর্ধ্বে কাঠজাত পণ্য (ভবন বা স্থানে সাধারণ ব্যবহারের জন্য আসবাবপত্র ব্যতিত) মজুদকরণ বা সংরক্ষণ (চ) ২৫০ মণের উর্ধ্বে ১০০০ মণ পর্যন্ত কাঠজাত পণ্য (ভবন বা স্থানে সাধারণ ব্যবহারের জন্য আসবাবপত্র ব্যতিত) মজুদকরণ বা সংরক্ষণ (ছ) ১০০০ মণের উর্ধ্বে কাঠজাত পণ্য (ভবন বা স্থানে সাধারণ ব্যবহারের জন্য আসবাবপত্র ব্যতিত) মজুদকরণ বা সংরক্ষণ	৪	৮০০
		৪	৮০০
		৬	১২০০
		৮	১৬০০
		৪	৮০০
		৬	১২০০
		৮	১৬০০
		৮	১৬০০
১০	কয়লা (ক) ৫০ টনের উর্ধ্বে নয় এমন পরিমাণের কয়লা মজুদকরণ বা সংরক্ষণ (খ) ৫০ টনের উর্ধ্বে ২০০ টন পর্যন্ত এমন পরিমাণের কয়লামজুদকরণ বা সংরক্ষণ (গ) ৫০ টনের উর্ধ্বে নয় এমন পরিমাণের কয়লা মজুদকরণ বা সংরক্ষণ	৪	৮০০
		৬	১২০০
		৮	১৬০০
১১	সিনেমা ফিল্মস ব্যতিত সেলুলয়েড (ক) ৫ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের সিনেমা ফিল্মস ব্যতিত সেলুলয়েড মজুদকরণ বা সংরক্ষণ (খ) ৫ মণের উর্ধ্বে নয় ১০ মণ পর্যন্ত এমন পরিমাণের সিনেমা ফিল্মস ব্যতিত সেলুলয়েড মজুদকরণ বা সংরক্ষণ (গ) ১০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের সিনেমা ফিল্মস ব্যতিত সেলুলয়েড মজুদকরণ বা সংরক্ষণ (ঘ) ৫ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের সিনেমা ফিল্মস ব্যতিত সেলুলয়েডজাত পণ্য মজুদকরণ বা সংরক্ষণ (খ) ৫ মণের উর্ধ্বে নয় ১০ মণ পর্যন্ত এমন পরিমাণের সিনেমা ফিল্মস ব্যতিত সেলুলয়েডজাত পণ্য মজুদকরণ বা সংরক্ষণ (গ) ১০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের সিনেমা ফিল্মস ব্যতিত সেলুলয়েডজাত পণ্য মজুদকরণ বা সংরক্ষণ	৬	১২০০
		৮	১৬০০
		১৫	৩০০০
		১০	২৫০০
		১২	৩০০০
		১৫	৩৫০০
১২	খড় (ক) ৫০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের খড় বা খড়জাত পণ্য মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ (খ) ৫০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের খড় বা খড়জাত পণ্য মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৩	৬০০
		৫	১০০০

১৩	দর্মা (Darma)		
	(ক) ৫০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের দর্মা বা দর্মাজাত পণ্য মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৩	৬০০
১৪	নারকেলের ছোবড়া (ক) ৫০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের নারকেলের ছোবড়া মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ (খ) ৫০০ মণ পর্যন্ত এমন পরিমাণের নারকেলের ছোবড়া মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ (গ) ১০০০ মণ পর্যন্ত এমন পরিমাণের নারকেলের ছোবড়া মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ (ঘ) ১০০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের নারকেলের ছোবড়া মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৩	৬০০
		৫	১০০০
		৬	১২০০
		৮	১৬০০
১৫	বীশ (ক) ৫০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের বীশ মজুদকরণ বা সংরক্ষণ (খ) ৫০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের বীশ মজুদকরণ বা সংরক্ষণ	৩	৬০০
		৫	১০০০
১৬	প্যাকিং বক্স (ক) ২৫০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের প্যাকিং বক্স মজুদকরণ বা সংরক্ষণ (খ) ২৫০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের প্যাকিং বক্স মজুদকরণ বা সংরক্ষণ	৩	৬০০
		৫	১০০০
১৭	ম্যাচ (ক) ৫০ কেসের উর্ধ্বে নয় এমন পরিমাণের ম্যাচ মজুদকরণ বা সংরক্ষণ (খ) ৫০ কেসের উর্ধ্বে নয় এমন পরিমাণের ম্যাচ মজুদকরণ বা সংরক্ষণ	১০	১০০০
		১৫	৩০০০
১৮	রাবার (ক) ১০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের রাবার বা রাবারজাত পণ্য (সিনথেটিক বা ন্যাচারাল যাই হোক না কেন) মজুদকরণ বা সংরক্ষণ (খ) ১০০ কেসের উর্ধ্বে নয় এমন পরিমাণের রাবার বা রাবারজাত পণ্য (সিনথেটিক বা ন্যাচারাল যাই হোক না কেন) মজুদকরণ বা সংরক্ষণ	৪	৮০০
		৬	১২০০
১৯	মোম (ক) ৫ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের ম্যাচ মজুদকরণ বা সংরক্ষণ (খ) ৫ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের ম্যাচ মজুদকরণ বা সংরক্ষণ	৪	৮০০
		৬	১২০০
২০	প্লাস্টিকস (ক) ২৫ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের প্লাস্টিকস বা প্লাস্টিকজাত মজুদকরণ বা সংরক্ষণ (খ) ২৫ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের প্লাস্টিকস বা প্লাস্টিকজাত মজুদকরণ বা সংরক্ষণ	৪	৮০০
		৬	১২০০

২১	কাগজ		
	(ক) ৫০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের কাগজ (নেট কাগজসহ) মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৪	৮০০
	(খ) ৫০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের কাগজ (নেট কাগজসহ) মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৬	১২০০
	(গ) ৫০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের কার্ড বোর্ড মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৪	৮০০
	(ঘ) ৫০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের কার্ড বোর্ড মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৬	১২০০
	(ঙ) ৫০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের সংকুচিত কাগজের বোর্ড মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৪	৮০০
	(ঘ) ৫০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের সংকুচিত কাগজের বোর্ড মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৬	১২০০
২২	উল		
	(ক) ৫ মণের উর্ধ্বে কিন্তু ৫০ মণ পর্যন্ত উল বা উলজাতীয় পণ্য মজুদকরণ বা সংরক্ষণ	৪	৮০০
	(খ) ৫০ মণের উর্ধ্বে উল বা উলজাতীয় পণ্য মজুদকরণ বা সংরক্ষণ	৬	১২০০
২৩	ক্যাস্টার অয়েল বা সরিষার তৈল		
	(ক) ৫০ মণের উর্ধ্বে ক্যাস্টার অয়েল বা সরিষার তৈল মজুদকরণ বা সংরক্ষণ	৬	১২০০
২৪	শুকনা মরিচ		
	৫০ মণের উর্ধ্বে ক্যাস্টার অয়েল বা সরিষার তৈল মজুদকরণ বা সংরক্ষণ	৪	৮০০
২৫	দাহশীল কেমিক্যালস		
	(ক) ৪০ পাউন্ডের উর্ধ্বে ক্লোরোস মজুদ বা সংরক্ষণ	৪	১৫০০
	(খ) ৪০ পাউন্ডের উর্ধ্বে পটাশিয়াম নাইট্রেটস মজুদ বা সংরক্ষণ	৪	১৫০০
	(গ) ১০ পাউন্ডের উর্ধ্বে পিকরিক এসিড মজুদ বা সংরক্ষণ	৪	১৫০০
	(ঘ) ৮০ পাউন্ডের উর্ধ্বে সালফার মজুদ বা সংরক্ষণ	৪	১৫০০
	(ঙ) ৪০০ ঘনমিটারের উর্ধ্বে গ্যাস সিলিন্ডার- হাইড্রোজেন, অক্সিজেন অথবা এসিটিলিন মজুদ বা সংরক্ষণ	৪	১৫০০
	(চ) ৫ গ্যালনের উর্ধ্বে ক্লিনিং সলভেন্টস (ড্রাই ক্লিনারস) মজুদ বা সংরক্ষণ	৪	১৫০০
	(ছ) ২ সিডরিউটিএস (CWTS) এর উর্ধ্বে এ্যালুমিনিয়াম ডাস্ট মজুদ বা সংরক্ষণ	৪	১৫০০
	(জ) ৪০ গ্যালনের উর্ধ্বে নাইট্রিক এসিড মজুদ বা সংরক্ষণ	৪	১৫০০
	(জ) ৪০ গ্যালনের উর্ধ্বে সালফিউরিক এসিড মজুদ বা সংরক্ষণ	৪	১৫০০
	(ঝ) ৪০ গ্যালনের উর্ধ্বে লাল ফসফরাস মজুদ বা সংরক্ষণ	৪	১৫০০
	(ঞ) ১০ পাউন্ডের উর্ধ্বে হলুদ ফসফরাস মজুদ বা সংরক্ষণ	৪	১৫০০
	(ত) ৪০ গ্যালনের উর্ধ্বে টারপেনটাইন মজুদ বা সংরক্ষণ	৪	১৫০০
	(থ) ৫ গ্যালনের উর্ধ্বে সেলুলজ এসিটেট বা সেলুলজ মজুদ বা সংরক্ষণ	৪	১৫০০
(দ) ২০ গ্যালনের উর্ধ্বে মিথাইলেটেড স্পিরিট মজুদ বা সংরক্ষণ	৪	১৫০০	
২৬	হ্যাম্প বা হ্যাম্পজাত পণ্য		
	(ক) ২০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের হ্যাম্পজাত মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৪	৮০০
	(খ) ২০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের হ্যাম্পজাত মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৬	১২০০



২৭	রেসিন (ক) ২০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের রেসিন মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৪	৮০০
	(খ) ২০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের রেসিন মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৬	১২০০
২৮	সিল্ক (ক) ২৫ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের সিল্ক মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৪	৮০০
	(খ) ২৫ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের সিল্ক মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৬	১২০০
২৯	বিড়ি পাতা বা সালপাতা এবং টোব্যাকো (ক) ৫০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের বিড়ি পাতা বা সালপাতা এবং টোব্যাকো (শুকনা টোব্যাকো পাতাসহ) মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৩	৬০০
	(খ) ৫০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের বিড়ি পাতা বা সালপাতা এবং টোব্যাকো (শুকনা টোব্যাকো পাতাসহ) মজুদকরণ, সংকোচন বা সংরক্ষণ	৫	১০০০
৩০	ঘি – ভেজিটেবল ঘিসহ (ক) ১০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের ঘি – ভেজিটেবল ঘিসহ মজুদকরণ বা সংরক্ষণ	৪	৮০০
	(খ) ১০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের ঘি – ভেজিটেবল ঘিসহ মজুদকরণ বা সংরক্ষণ	৬	১২০০
৩১	ভোজ্যতেল (ক) ১০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের ভোজ্যতেল মজুদকরণ বা সংরক্ষণ	৪	৮০০
	(খ) ১০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের ভোজ্যতেল মজুদকরণ বা সংরক্ষণ	৬	১২০০
৩২	খৈল (ক) ১০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের খৈল মজুদকরণ বা সংরক্ষণ	৪	৮০০
	(খ) ১০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের খৈল মজুদকরণ বা সংরক্ষণ	৬	১২০০
৩৩	সরিষা বীজ (ক) ১০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের সরিষা বীজ মজুদকরণ বা সংরক্ষণ	৪	৮০০
	(খ) ১০০ মণের উর্ধ্বে নয় এমন পরিমাণের সরিষা বীজ মজুদকরণ বা সংরক্ষণ	৬	১২০০

(খ) (B Table) ওয়ার্কশপ হিসেবে একটা ইমারত বা স্থানের বার্ষিক মূল্যায়ণ এর শতকরা হর এবং সর্বোচ্চ ( maximum) বার্ষিক মাসুল নির্ধারণ করা হয় বি টেবিলের ২নং কলামে উল্লেখিত ওয়ার্কশপের বিভিন্ন শ্রেণী বিপদজনক প্রদর্শিত যথাক্রমে কলাম ৩ এবং কলাম ৪ অনুসারে।

টেবিল “বি”

ক্রমিক	ওয়ার্কশপের শ্রেণী	বার্ষিক মাসুল নির্ধারণের জন্য ভবন স্থানের বার্ষিক মূল্যের শতকরা হার (%)	সর্বোচ্চ মাসুল টাকায়
১	পাট-ওয়ার্কশপ যেখানে ৫০ মণের উর্দে পাট প্রক্রিয়াকরণ করা হয় (ক) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্দে নয় (খ) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্দে কিন্তু ২০০০০/- নিমেনে (গ) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ২০০০০/- উর্দে	৫ ৭.৫ ১০	৫০০ ১৫০০ ৫০০০
২	তুলা-ওয়ার্কশপ যেখানে ৫০ মণের উর্দে তুলা প্রক্রিয়াকরণ করা হয় (ক) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্দে নয় (খ) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্দে কিন্তু ২০০০০/- নিমেনে (গ) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ২০০০০/- উর্দে	৫ ৭.৫০ ১০	৫০০ ১৫০০ ৫০০০
৩	প্রানীজ চর্বি-ওয়ার্কশপ যেখানে ৫০ মণের উর্দে প্রানীজ চর্বি প্রক্রিয়াকরণ করা হয় (ক) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্দে নয় (খ) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্দে	৪ ৬	৮০০ ১২০০
৪	কয়লা-ওয়ার্কশপ যেখানে ৪ টনের উর্দে কয়লা প্রক্রিয়াকরণ করা হয় (ক) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্দে নয় (খ) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্দে কিন্তু ১০০০০/- নিমেনে (গ) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ১০০০০/- উর্দে	৪ ৬ ৮	৮০০ ১২০০ ১৬০০
৫	খড়-ওয়ার্কশপ যেখানে ৫০ মনের উর্দে খড় প্রক্রিয়াকরণ করা হয় (ক) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্দে নয় (খ) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্দে	৩ ৫	৬০০ ১০০০
৬	নারিকেলের ছোবড়া/কয়ের-ওয়ার্কশপ যেখানে ২৬ মণের উর্দে নারিকেলের ছোবড়া/কয়ের প্রক্রিয়াকরণ করা হয় (ক) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্দে নয় (খ) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্দে	৩ ৫	৬০০ ১০০০
৭	প্যাকিং বক্স-ওয়ার্কশপ যেখানে ৫০ মনের উর্দে প্যাকিং বক্স প্রক্রিয়াকরণ করা হয় (ক) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্দে নয় (খ) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্দে	৩ ৫	৬০০ ১০০০
৮	বঁশ-ওয়ার্কশপ যেখানে ১০০ মণের উর্দে বঁশ প্রক্রিয়াকরণ করা হয় (ক) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্দে নয় (খ) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্দে	৩ ৫	৬০০ ১০০০
৯	কার্ড বোর্ড-ওয়ার্কশপ যেখানে ১০০ মনের উর্দে কার্ড বোর্ড প্রক্রিয়াকরণ করা হয় (ক) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্দে নয় (খ) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্দে	৪ ৬	৮০০ ১২০০
১০	হ্যাম্প-ওয়ার্কশপ যেখানে ২৫ মণের উর্দে যে কোন পরিমাণ হ্যাম্প প্রক্রিয়াকরণ করা হয় (ক) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্দে নয় (খ) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্দে কিন্তু ১০০০০/- নিমেনে	৪ ৬	৮০০ ১২০০
১১	কাঠ-ওয়ার্কশপ যেখানে ৫০ মনের উর্দে যে কোন পরিমাণ কাঠ প্রক্রিয়াকরণ করা হয় (ক) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্দে নয় (খ) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্দে কিন্তু ১০০০০/- নিমেনে (গ) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ১০০০০/- উর্দে	৪ ৬ ৮	৮০০ ১২০০ ২০০০
১২	আলকাতরা-ওয়ার্কশপ যেখানে ৫০ মণের উর্দে যে কোন পরিমাণ আলকাতরা প্রক্রিয়াকরণ করা হয়		

	(ক) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্ধ্বে নয় (খ) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্ধ্বে	৪ ৬	৮০০ ১২০০
১৩	রাবার-ওয়ার্কশপ যেখানে ২৫ মনের উর্ধ্বে যে কোন পরিমাণ রাবার প্রক্রিয়াকরণ করা হয় (ক) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্ধ্বে নয় (খ) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্ধ্বে	৪ ৬	৮০০ ১২০০
১৪	প্লাস্টিক-ওয়ার্কশপ যেখানে ২৫ মনের উর্ধ্বে যে কোন পরিমাণ প্লাস্টিক প্রক্রিয়াকরণ করা হয় (ক) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্ধ্বে নয় (খ) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্ধ্বে	৪ ৬	৮০০ ১২০০
১৫	রং-ওয়ার্কশপ যেখানে ২৫ মনের উর্ধ্বে যে কোন পরিমাণ রং প্রক্রিয়াকরণ করা হয় (ক) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্ধ্বে নয় (খ) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্ধ্বে	৪ ৬	৮০০ ১২০০
১৬	তিষি/সরিষার তৈল-ওয়ার্কশপ যেখানে ১০ মনের উর্ধ্বে যে কোন পরিমাণ তিষি/সরিষার তৈল প্রক্রিয়াকরণ করা হয় (ক) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্ধ্বে নয় (খ) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্ধ্বে	৪ ৬	৮০০ ১২০০
১৭	দিয়াশলাই-ওয়ার্কশপ যেখানে ৫ ক্যাচের অথবা ৩৬০০ ছোট বাস্ক এর উর্ধ্বে যে কোন পরিমাণ দিয়াশলাই প্রক্রিয়াকরণ করা হয় (ক) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- নিম্নে (খ) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্ধ্বে	১০ ১৫	১৫০০ ৫০০০
১৮	কাগজ-ওয়ার্কশপ যেখানে ২৫ মনের উর্ধ্বে যে কোন পরিমাণ কাগজ প্রক্রিয়াকরণ করা হয় (ক) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্ধ্বে নয় (খ) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্ধ্বে	৪ ৬	১৫০০ ৫০০০
১৯	মম-ওয়ার্কশপ যেখানে ৫০ মনের উর্ধ্বে যে কোন পরিমাণ মম প্রক্রিয়াকরণ করা হয় (ক) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্ধ্বে নয় (খ) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্ধ্বে কিন্তু ১০০০০/- এর নিম্নে (গ) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ১০০০০/- উর্ধ্বে	৪ ৬ ৮	৮০০ ১২০০ ১৬০০
২০	বর্জ্য কাগজ-ওয়ার্কশপ যেখানে ২৫ মনের উর্ধ্বে যে কোন পরিমাণ বর্জ্য কাগজ প্রক্রিয়াকরণ করা হয় (ক) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্ধ্বে নয় (খ) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্ধ্বে	৪ ৬	৮০০ ১২০০
২১	দাহ্য রাসায়নিক পদার্থসমূহঃ (ক) সালফার-ওয়ার্কশপ যেখানে ৮০ পাউন্ড এর উর্ধ্বে যে কোন পরিমাণ সালফার প্রক্রিয়াকরণ করা হয় (খ) জৈব দ্রাবক ২ সিডিবিয়উটিএস পরিমাণ দাহ্য জৈব দ্রাবক প্রক্রিয়াকরণ ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্ধ্বে নয় (গ) গ্যাস সিলিন্ডার, হাইড্রোজেন, অক্সিজেন অথবা এসিটেলিন-ওয়ার্কশপ সেখানে ৪০০ সিইউ এর উপরে গ্যাস সিলিন্ডার, হাইড্রোজেন, অক্সিজেন অথবা এসিটেলিন প্রক্রিয়াকরণ করা হয়। (ঘ) পরিষ্কারক দ্রাবক যেখানে ৫ গ্যালনের এর উর্ধ্বে যে কোন পরিমাণ পরিষ্কারক দ্রাবক প্রক্রিয়াকরণ করা হয়	৫ ৫ ৫ ১০	১০০০ ১০০০ ১০০০ ২০০০
২২	রেজিন-ওয়ার্কশপ যেখানে ১০ মনের উর্ধ্বে যে কোন পরিমাণ রেজিন প্রক্রিয়াকরণ করা হয় (ক) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্ধ্বে নয় (খ) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্ধ্বে	৪ ৬	৮০০ ১২০০

২৩	সিল্ক-ওয়ার্কশপ যেখানে ৫ মণের উর্দে যে কোন পরিমান সিল্ক প্রক্রিয়াকরণ করা হয় (ক) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্দে নয় (খ) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্দে কিন্তু ২০০০০/- নিমেন (গ) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ২০০০০/- উর্দে	৫ ৭.৫০ ১০	৫০০ ১৫০০ ৫০০০
২৪	সরিষা বীজ-ওয়ার্কশপ যেখানে ২৫ মণের উর্দে যে কোন পরিমান সরিষা বীজ প্রক্রিয়াকরণ করা হয় (ক) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্দে নয় (খ) যেখানে ওয়ার্কশপের বার্ষিক মূল্য ৫০০০/- উর্দে	৪ ৫	৬০০ ১২০০

(গ) ওয়ারাহাউজ বা ওয়ার্কশপ হিসেব ব্যবহৃত কোন ইমারত বা স্থানের লাইসেন্সের ব্যাপারে মাশুল নির্ধারণের সময় বিল্ডিং এর কম্পট্রাকশনের প্রকৃতির উপর ভিত্তি করে এবং বিল্ডিং বা স্থানের ফলপ্রসূ অগ্নি নির্বপণ ব্যবস্থা সংরক্ষণের জন্য মোট মাশুলের উপর নিম্নোক্ত শতকলা হারে বাট্টা বা ছাড় (Discount) দেওয়া যেতে পারে।  
অবকাঠামোর প্রকৃতিঃ

**Nature of consturction:**

- (ক) Class I-All pucca-5% প্রথম শ্রেণী- সম্পূর্ণ পাকা ৫%
- (খ) Class II-All pucca-3% দ্বিতীয় শ্রেণী- আধা পাকা ৩%
- (গ) Class III-All pucca- Nil তৃতীয় শ্রেণী- কাঁচা -শূণ্য

(Classification of buildings are same as defined by the Association of Bangladesh)

ইমারতের শ্রেণীবিন্যাস বাংলাদেশের সংগঠন কর্তৃক সংজ্ঞার অনুরূপ।

**Fire protection Measures:**

(ক) Sprinklers -7.5% স্প্রিঙ্কলারস-৭.৫%

(খ) Hydrant -5% or Mobile Fire Engines and whole ime staff-4% হাইড্রেন্ট বা মোবাইল ফায়ার ইঞ্জিন ও হোল টাইম (পূর্ণ সময়) স্টাফ- ৪%

৮। বার্ষিক বিবরণ প্রেরণ ( Submission of Annual Statement)ঃ মহাপরিচালক প্রতি বছর ৩১ আগস্টে বা তার পূর্বে অধ্যাদেশের ৪৬ ধারা অনুসারে নিম্নোক্ত বিষয়সমূহ দেখিয়ে প্রয়োজনীয় বা চাহিত পূর্ণাঙ্গ একটি বার্ষিক বিবরণ সরকারের কাছে প্রেরণ করবেন। যেমন-

- ক। অধ্যাদেশের সংস্থান কতোটা কার্যকরী হয়েছে।
- খ। গঠনতন্ত্র, সম্পদ এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর কার্যক্রম।
- গ। ওয়ারাহাউজ এবং ওয়ার্কশপ সম্পর্কিত ইস্যুকৃত লাইসেন্সের সংখ্যা।
- ঘ। পরামর্শ অনুসারে এরূপ অন্যান্য বিষয়।